

পুলিশের সাথে মুখোমুখি হওয়া

আপনার যৌন অভিমুখীতা বা অনুভূত অভিমুখীতা, লিঙ্গ পরিচয় বা লিঙ্গ প্রকাশ এবং বর্ণ একজন পুলিশ অফিসারের আপনাকে থামানোর, খোঁজাখঁজির বা তল্লাশি করার কোনো আইনসম্মত কারণ নয়।

পুলিশ অফিসারদের যা যা করতে অনুমতি প্রদান করা হয়:

- আপনাকে থামাতে (সাময়িকভাবে আটকে রাখতে) পারবে যখন তাদের **যুক্তিসঙ্গত সন্দেহ** হবে যে আপনি অপরাধ করেছেন, করেছেন বা করতে চলেছেন।
- আপনার শরীরের উপরিভাগে (পোশাকের উপর দিয়ে) তল্লাশি চালাতে পারবে যখন তাদের **যুক্তিসঙ্গত সন্দেহ** হবে যে আপনার কাছে অস্ত্র রয়েছে।
- তাদের কাছে আপনি একটি অপরাধ করেছেন বলে বিশ্বাস করার **সম্ভাব্য কারণ** থাকলে তারা আপনাকে তল্লাশি করতে পারবেন।

আপনি জিজ্ঞাসা করলে পুলিশ অফিসারগণ তাদের নাম এবং ব্যাজ নম্বর প্রদানে বাধ্য; তাদের অত্যধিক বা অপ্রয়োজনীয় ফোর্স ব্যবহার করার, অভদ্র হওয়ার বা হোমোফোবিক বা ট্রান্সফোবিক গালি বা অন্যান্য আপত্তিকর ভাষা ব্যবহার করার অনুমতি নেই।

আপনি যদি মনে করেন আপনি পুলিশের দ্বারা অসদাচরণ এর স্বীকার হয়েছেন অথবা প্রত্যক্ষ করেছেন

NYC-এর সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ড (CCRB) -এর কাছে একটি অভিযোগ দায়ের করুন

CCRB-এ কল করুন: 1-800-341-2272 অথবা 311-এ; অথবা অনলাইনে www.nyc.gov/ccrb-এ অভিযোগ দায়ের করুন

CCRB একটি স্বতন্ত্র এজেন্সি এবং পুলিশ বিভাগের অংশ নয়। সিভিলিয়ান কর্মীরা অভিযোগগুলো নিরপেক্ষ ভাবে তদন্ত করেন। বোর্ড অসদাচরণ ঘটার প্রমাণ পেলে CCRB অ্যাটর্নিরা প্রশাসনিক অভিযোগের সম্মুখীন অফিসারদের বিচার করে, যেটা সবচেয়ে গুরুতর ডিসপ্লিন। CCRB মানুষদের মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ সমাধান করার সুযোগ দেয়।